

# মূল

# ৬

কলঙ্কিনী নদী

কলঙ্কিনী নদী

আমি কান্নাকাটি করে দেশ গড়ার কথা বললে কি হবে? আমার সোনার দেশের কয়লার ছেলেগুলো তো তাদের ইচ্ছে মতো জগৎ বিখ্যাত মজার মজার হাস্যকর কাজ গুলো করে যাবে, আর জগৎের সবাই মিলে হাস্যরস করবে। তাতে ঐ বোকা গর্দভগুলোর কি আসে যায়।

মেজাজটা খারাপ হলো ভিন্নমত (<http://www.vinnomot.com/>) নামের একটা নেট ম্যাগাজিনে, চমকপ্রদ বাংলা সংবাদটা দেখে। সংবাদটির টাইটেল, গনতন্ত্র: লা বাংলাদেশী স্টাইল। ক্যাপশনে, বাংলাদেশী এক যুবকের ছবি, যে ছবিটি দেখলে মনে হয়, সে কানে ধরে উঠবস করছে।

সংবাদটি পড়ে, লজ্জায়, অভিমানে চোখের জল চেপে রাখতে পারলামনা। আমার সোনার বাংলার ছেলেদের নিয়ে, সবাই হাস্যরস করছে, সেই সংবাদ পুরো বিশ্বের মানুষ জানছে, অথচ, আমার সোনার বাংলার ছেলেদের কি এতে কোন হুশ আছে?

নব্য বাংলার সম্পাদক সাহেব আমাকে, আমার ভুল নামের ধারাবাহিক গল্পটির পরবর্তী পর্বটি লেখার জন্যে বারবার চাপ দিচ্ছিলো। ভেবেছিলাম, আমার সেই অসমাপ্ত লেখাটি আজকের মাঝেই শেষ করবো। আর পারলাম কি? এমন কোন সংবাদ চোখে পরলে কি আর গল্প লেখায় মন বসে?

নব্য বাংলার সম্পাদক সাহেব, আমার এই মূল প্রবন্ধটি প্রকাশের আগে, আমাকে বারবার অনুরোধ করেছিলো যে, এই প্রবন্ধটিতে যদি রাজনীতির বিন্দুমাএ গন্ধ চলে আসে, তাহলে সাথে সাথে, তার সাইট থেকে, এই লেখাটি সরিয়ে নেবে। আমি চাইনা, সারা বিশ্বের সকল বাংলাভাষাবাসীরা যখন আমার এই প্রবন্ধটিকে সাদরে গ্রহন করছে, তখন নব্যবাংলার ম্যাগাজিন থেকে এটি সরে পড়ুক। তাই রাজনীতির ব্যাপারে একটু সতর্ক হবো। কেনোনা, ব্যক্তিগত ভাবে আমিও, অন্তত বাংলাদেশী রাজনীতিকে প্রচণ্ড ঘৃণা করি। তবে আমার যত দুঃখ হলো, আমার সোনার দেশের অরুঝ যুবকগুলোর প্রতি, যারা না বুঝে, একটির পর একটি হাস্যকর ঘটনা ঘটিয়ে যাচ্ছে, আর তা সংবাদ শিরোনাম হয়ে আসছে সারা বিশ্বে। অরুঝ যুবকগুলো নিজেরাও জানেনা তারা কি করছে। কেনোনা, তাদেরকে বুঝানোর মতো, শিক্ষিত কোন শিক্ষক আমার দেশে নেই।

এক কবি লিখে গিয়েছিলো, আমাকে এমন একটি মা এনে দাও!

আমি বলছি, আমি প্রার্থনা করছি, আমাকে এমন একটি শিক্ষক এনে দাও, যে আমার সোনার দেশের অরুঝ ছেলেগুলোকে একটু বুঝিয়ে শুনিয়ে সোনার ছেলে করে গড়ে তুলবে।

হে পৃথিবী! হে পৃথিবীর সমস্ত শক্তি! হে আমার দয়াময় বলে যদি পৃথিবীতে কোন শক্তি থেকে থাকে! তাহলে, তোমার কাছে হাত জোড় করে বলছি, আমি জন্ম নিয়েছি, বাংলাদেশের সন্তান হয়ে। এই আমার অপরাধ! দয়া করে আমাকে আরেকটি শিক্ষক শিক্ষিকা এনে দাও, যে আমার দেশের অরুঝ যুবকদের আবারো সোনার মতো করে মানুষ করতে পারে। যারা আর বোকাম মত কোন কাজ করে আমার দেশের মান ক্ষুন্ন করবেনা। আমার দেশে আরেকটি নেতা পাঠাও, যে নেতা একটি আদর্শ দিয়ে পুরো পৃথিবীকে চমক লাগিয়ে দেবে। সবাই যেনো বলতে পারে, বাংলাদেশ একটা দেশ, চমৎকার একটা দেশ! আমি যে আর সহিতে পারছিনা!